# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 18-10-2025** **Time: 1.30 P.M**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জোর দিয়ে বলেছেন, অতি শীঘ্রই দেশ নক্সালবাদ এবং মাওবাদী হিংসার কবল থেকে মুক্ত হবে।

২/ প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, লখনৌয়ের ব্রহ্মোস অ্যারোস্পেস ইউনিটে প্রথম দফায় নির্মিত ব্রহ্মোস ক্ষেপণাস্ত্রের উদ্বোধন করেন।

৩/ বিহার বিধানসভা নির্বাচনের প্রথম দফায় জমা পড়া মনোনয়নপত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হচ্ছে।

৪/ আজ ধনতেরশ বা ধন ত্রয়োদশী। বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে পালিত হচ্ছে সমৃদ্ধির এই উৎসব।

৫/ মোজাম্বিকে, বেইরা বন্দরের উপকূলে ক্রু ট্রান্সফার অভিযানের সময়
একটি নৌকাডুবির ঘটনায় অন্ততঃ তিন ভারতীয় নাগরিক প্রাণ হারিয়েছেন; নিখোঁজ পাঁচজন ।

৬/ ডেনমার্ক ওপেন ব্যাডমিন্টনে পুরুষদের ডাবলসে ভারতের সাত্তিক সাইরাজ রাঙ্কি রেড্ডি ও চিরাগ শেট্টি ফাইনালে উঠেছেন।

oooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জোর দিয়ে বলেছেন, অতি শীঘ্রই দেশ নক্সালবাদ এবং মাওবাদী হিংসার কবল থেকে মুক্ত হবে। গত **১১** বছরে মাওবাদী সন্ত্রাস মোকাবিলায় উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। নতুন দিল্লিতে গতকাল এক আন্তর্জাতিক সম্মেলনে প্রধানমন্ত্রী বলেন, মাওবাদী সন্ত্রাস, দেশের যুব সম্প্রদায়ের কাছে এক বিরাট অন্যায় ও গুরুতর পাপের সমান। গত এক দশকে সহস্রাধিক নকশাল হিংসার পথ পরিত্যাগ করেছে। এর মধ্যে শেষ ৭৫ ঘন্টাতেই অস্ত্র সমর্পণ করেছেন ৩০৩ জন। ২০১৪ সাল থেকেই তাঁর সরকারের পক্ষ থেকে বিপথগামী যুবাদের সংবেদনশীলতার সঙ্গে সমাজের মূল স্রোতে ফিরিয়ে আনা হয়েছে। **১১ বছর আগে ১২৫টিরও বেশি জেলা মাওবাদী অধ্যুষিত ছিল, আজ সেই সংখ্যা কমে মাত্র ১১টি জেলায় দাঁড়িয়েছে।**

( বাইট- PM মাওবাদ )

**শেষ পাঁচ বছরে** মাওবাদী সন্ত্রাসের গুরুতর প্রভাবের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, নকশালদের হিংসায় বহু নিরাপত্তা কর্মী এবং তরুণ নাগরিক সহ কয়েক হাজার মানুষ প্রাণ হারিয়েছেন। স্কুল এবং হাসপাতাল নির্মাণে বাধা সৃষ্টির পাশাপাশি হামলা চালানো হয়েছে বিভিন্ন সরকারি আবাসনেও। দীর্ঘদিন ধরে এক বিস্তীর্ণ অঞ্চলের জনগণ, সরকারি সুবিধা থেকে বঞ্চিত হয়েছেন। এবিষয়ে বিরোধীদের ভূমিকার সমালোচনা করে প্রধানমন্ত্রী বলেছেন, শহরতলীতে নকশালদের প্রভাব কতটা শক্তিশালী ছিল, সে সম্পর্কে দেশের অন্যান্য অংশের মানুষ খুব একটা সচেতন ছিলেননা।

oooooooooooooooooooo

প্রধানমন্ত্রী গতিশক্তি প্রকল্পের অধীনে দেশের সড়ক, পরিবহন ব্যবস্থা এবং মহাসড়কের পরিকাঠামো পর্যালোচনা করার জন্য নেটওয়ার্ক পরিকল্পনা গোষ্ঠীর

শততম সভা গতকাল অনুষ্ঠিত হয়। সভায় প্রধানমন্ত্রী গতিশক্তি জাতীয় মাস্টার প্ল্যানের সঙ্গে সাযুজ্য রেখে মাল্টিমোডাল সংযোগ এবং দক্ষতা উন্নয়নের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। সভায়, দুটি রেল, দুটি মহাসড়ক এবং একটি মেট্রোরেল প্রকল্প সহ পাঁচটি প্রকল্প মাল্টি মোডাল পরিকাঠামো এবং আর্থ-সামাজিক ক্ষেত্রের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কি না, তা মূল্যায়ন করা হয়েছে।

oooooooooooooooooooo

শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী হারিণী অমরাসুরিয়া ২০২২ সালে শ্রীলঙ্কার অর্থনৈতিক সংকটের সময় সহায়তা প্রদানের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। গতকাল নতুনদিল্লিতে এক বিশ্ব সম্মেলনের ভাষণে, শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী বিভিন্ন ক্ষেত্রে ভারত-শ্রীলঙ্কা সম্পর্ক আরো শক্তিশালী করার গুরুত্বের উপর জোর দিয়েছেন।

দুই দেশের মধ্যে ৩৭ বছরের পুরনো মুক্ত বাণিজ্য চুক্তির আধুনিকীকরণ, আঞ্চলিক সহযোগিতা বৃদ্ধি, পুনর্নবীকরণযোগ্য জ্বালানিকে কেন্দ্র করে জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করার ক্ষেত্রে সহযোগিতার ক্ষেত্রগুলি তুলে ধরেন তিনি। সাম্প্রতিক সময়ের বহুমাত্রিক বিভিন্ন বিষয় নিয়ে দুই দেশের ক্রমাগত আলোচনা আসলে বৃদ্ধি এবং সহনশীলতার বিষয়ে যৌথ উদ্যোগের প্রতিফলন বলেও উল্লেখ করেছেন শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী হারিণী অমরাসুরিয়া।

oooooooooooooooooooo

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং এবং উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ আজ উত্তর প্রদেশের লখনউতে ব্রহ্মোস অ্যারোস্পেস ইউনিটে প্রথম দফায় নির্মিত ব্রহ্মোস ক্ষেপণাস্ত্রের প্রথম ব্যাচের উদ্বোধন করেছেন। উত্তরপ্রদেশ প্রতিরক্ষা করিডোরের লখনউ ইউনিট এমনই উন্নত যেখানে ক্ষেপণাস্ত্র নির্মাণ থেকে শুরু করে চূড়ান্ত পরীক্ষা পর্যন্ত সম্পূর্ণ প্রক্রিয়া দেশীয়ভাবে সম্পন্ন হবে। অনুষ্ঠানে, প্রতিরক্ষা

মন্ত্রী এবং মুখ্যমন্ত্রী বুস্টার ভবনের উদ্বোধন করেন এবং বুস্টার ডকিং প্রক্রিয়ার একটি প্রদর্শনীতে অংশ নেন।

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং অনুষ্ঠানে বলেন, ব্রহ্মোস শুধুমাত্র একটি ক্ষেপণাস্ত্র নয়, এটি দেশিয় প্রযুক্তির সক্ষমতার এক চূড়ান্ত নিদর্শন। তিনি বলেন, ব্রহ্মোস ঐতিহ্যবাহী ক্ষেপণাস্ত্র যা সুপারসনিক গতিতে দীর্ঘ পথ অতিক্রম করতে পারে। গতি, সক্ষমতা এবং ক্ষমতায়, ব্রহ্মোস এখন বিশ্বের শ্রেষ্ঠ সিস্টেম হয়ে উঠেছে। শ্রী সিংহ বলেন, প্রতিপক্ষ ব্রহ্মোস থেকে নিস্তার পাবেনা।

(বাইট)

oooooooooooooooooooo

বিহার বিধানসভা নির্বাচনের প্রথম দফার জন্যে জমা পড়া মনোনয়নপত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হবে। এই দফায় ১ হাজার ৬৯৮ টি মনোনয়ন জমা পড়েছে। প্রারথিপদ দাখিলের প্রক্রিয়া গত সন্ধ্যায় শেষ হয়েছে। প্রার্থীরা ২০ অক্টোবর পর্যন্ত তাদের মনোনয়ন প্রত্যাহার করতে পারবেন। এই পর্যায়ে, ১৮টি জেলার ১২১টি বিধানসভা আসনে ভোট নেওয়া হবে।

অন্যদিকে, দ্বিতীয় দফার জন্যে মনোনয়ন দাখিলের কাজ চলেছে। এ পর্যন্ত ২৯০ জন প্রার্থী পদ দাখিল করেছেন। এই দফায় ভোট গ্রহণ ১১ ই নভেম্বর।

এদিকে, ভোটের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে নির্বাচনী প্রচার'ও জোরদার হয়ে উঠছে। ভারতীয় জনতা পার্টি, রাষ্ট্রীয় জনতা দল, কংগ্রেস ও জনতা দল ইউনাইটেড-এর নেতারা বিভিন্ন জায়গায় মিটিং, মিছিল ও পথসভা করে ভোটারদের মন জয় করার চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

JDU, ৪০ জন তারকা প্রচারকের একটি তালিকা প্রকাশ করেছে। এতে রয়েছেন মুখ্যমন্ত্রী নীতিশ কুমার, সাংসদ রাজীব রঞ্জন সিং ওরফে লালন সিং, দলের জাতীয় কার্যকরী সভাপতি সঞ্জয় কুমার ঝাঁ প্রমুখ।

কংগ্রেসের'ও তারকা প্রচারকের তালিকায় আছেন জাতীয় সভাপতি মল্লিকার্জুন খাড়গে, রাহুল গান্ধী, প্রিয়াঙ্কা গান্ধী প্রমুখ। জন সুরাজ পার্টির তারকা প্রচারকদের মধ্যে আছেন প্রতিষ্ঠাতা প্রশান্ত কিশোর।

অন্যদিকে UPA মহাজোট এখনো আনুষ্ঠানিকভাবে আসন ভাগাভাগির ঘোষণা করেনি। ফলে কয়েকটি কেন্দ্রে জোটের শরিক কংগ্রেস ও বাম দলগুলির মধ্যে সরাসরি সৌহার্দ্যপূর্ণ প্রতিদ্বন্দ্বিতা হবে বলে মনে করা হচ্ছে।

oooooooooooooooooooo

পাঞ্জাবের অমৃতসর থেকে সহরসার মধ্যে চলাচলকারী গরিব রথ ট্রেনের একটি বগিতে আজ সকালে আগুন লাগে। ট্রেনটি লুধিয়ানা ছেড়ে যাওয়ার পরপরই সিরহিন্দ রেলওয়ে স্টেশনের কাছে এই ঘটনা ঘটে। রেলওয়ে আধিকারিকদের তৎপরতায় অতিদ্রুততার সঙ্গে আগুন নেভানো সম্ভব হয়। যাত্রীদের তাৎক্ষণিকভাবে অন্য কামরায় স্থানান্তরিত করা হয়। ঘটনায়, হতাহতের কোনও খবর পাওয়া যায়নি।

oooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬ শে অক্টোবর আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৭-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে।

oooooooooooooooooooo

আজ ধনতেরাস বা ধন ত্রয়দশি । বিপুল উৎসাহ, উদ্দীপনার মধ্য দিয়ে দেশজুড়ে পালিত হচ্ছে সমৃদ্ধির এই উৎসব। কথিত আছে আজকের

দিনে সোনা, রূপো বা ধাতুর জিনিস কিনলে তা কুবেরের ভাণ্ডারের মতই অক্ষয় হয়। এই উপলক্ষে সুখ সমৃদ্ধির কামনায় অনেক গৃহস্থের বাড়িতে ধন সম্পদের অধিষ্ঠাত্রী দেবী লক্ষ্মী ও ধন সম্পদের দেবতা কুবেরের পুজোর আয়োজন করা হয়ে থাকে। ধনতেরাস উপলক্ষে গৃহস্থরা অলংকার সোনা, রুপা ইত্যাদি ক্রয় করে থাকেন। সোনার চড়া দাম সত্ত্বেও দোকানগুলি এই উপলক্ষে বিশেষ ছাড় দিচ্ছে।

উল্লেখ্য, এই ধনতেরাস উৎসবের মধ্য দিয়েই সূচনা হয়ে থাকে দীপাবলী উৎসবের।এর অঙ্গ হিসেবে আলোর উৎসব দীপাবলীর পাশাপাশি আয়োজিত হবে নরক চতুর্দশী বা ছোটি দিওয়ালী , গোবর্ধন পূজা ও ভাই দুজ।

**প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী , ধনতেরাস উপলক্ষে দেশ বাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী মোদী , সকলের সুখ, সমৃদ্ধি ও সু স্বাস্থ্যের কামনা করেন। ভগবান ধন্বন্তরি , সকলের প্রতি তাঁর আশীর্বাদ বর্ষণ করবেন বলেও প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন।**

স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, বি জে পি সভাপতি জগত প্রকাশ নাড্ডা প্রমুখ **ধনতেরাস এর শুভেচ্ছা জানিয়েছেন।**

oooooooooooooooooooo

বেলজিয়ামের একটি আদালত, পলাতক হীরা ব্যবসায়ী মেহুল চোকসিকে ভারতে প্রত্যর্পণের অনুমতি দিয়েছে। পাঞ্জাব ন্যাশনাল ব্যাংক – পি এন বি'র **১৩** হাজার কোটি টাকার জালিয়াতির মামলায় মেহুল চোকসিকে "ওয়ান্টেড" ঘোষণা করা হয়েছিল। অ্যান্টওয়ার্পের একটি আদালত গতকাল রায় দিয়েছে, ভারতের অনুরোধের ভিত্তিতে বেলজিয়াম পুলিশ, চোকসিকে গ্রেপ্তার করতে পারে।এর ফলে এই হিরে ব্যাবসায়িকে ভারতে ফিরিয়ে এনে ন্যায় বিচার এর পথ প্রশস্ত হল।

oooooooooooooooooooo

ছোট গাড়ির GST হার কমার ফলে সারা দেশ থেকে বিক্রি বেশি হওয়ার খবর আসছে। সমীক্ষায় উঠে এসেছে, উৎসবের মরশুমে দেশের অন্যতম অটোমোবাইল কোম্পানি মারুতি, রেকর্ড সংখ্যক গাড়ি বুকিং ও বিক্রি করেছে।

একটি প্রতিবেদন-

( ভিসি- কাশফিন )

oooooooooooooooooooo

মোজাম্বিকে, বেইরা বন্দরের উপকূলে ক্রু ট্রান্সফার অভিযানের সময় একটি ট্যাঙ্কারের ক্রু সদস্য বহনকারী একটি নৌকাডুবির ঘটনায় কমপক্ষে তিনজন ভারতীয় নাগরিক প্রাণ হারিয়েছেন এবং আরও পাঁচজন নিখোঁজ রয়েছেন।

মোজাম্বিকে ভারতীয় হাই কমিশন জানিয়েছে, নৌকাটিতে মোট ১৪ জন ভারতীয় নাগরিক ছিলেন।

oooooooooooooooooooo

ডেনমার্ক ওপেন ব্যাডমিন্টনে পুরুষদের ডাবলসে ভারতের সাত্ত্বিক সাইরাজ রঙ্কিরেড্ডি এবং চিরাগ শেট্টি জুটি সেমিফাইনালে উঠেছেন। চলতি বছরের শুরুতে BWF বিশ্ব চ্যাম্পিয়নশিপের ব্রোঞ্জ পদক জয়ী ভারতীয় জুটি গত রাতে কোয়ার্টার ফাইনালে অবাছাই ইন্দোনেশিয়ার জুটি মহাম্মদ রিয়ান আরদিয়ান্তো এবং রহমত হিদায়াতকে ২১-১৫, ১৮-২১, ২১-১৬ গেমে হারিয়ে দিয়েছেন। আজ সেমিফাইনালে এই জুটি জাপানের তাকুরো হোকি এবং ইউগো কোবায়াশির মুখোমুখি হবে।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo